Total No. of Printed Pages—6

**2 SEM TDC BENG MIL (A) 1**

DIBRUGARH ... COLLEGE LIBRARY

**2013**

( May )

BENGALI

( Modern Indian Language )

**( Arts )**

Course : 201

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates **eligible** for Internal Assessment shall answer Question Nos. **1** to **9***

*Full Marks : 80*

*Pass Marks : 32*

*Candidates **not eligible** for Internal Assessment shall answer Question Nos. **1** to **12***

*Full Marks : 100*

*Pass Marks : 40*

ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) 'সোনার তরী' কাব্যটি ইংরাজী কত সালে প্রকাশিত হয় ?

(খ) "দিব না দিব না যেতে—ডাকিতে ডাকিতে
হু হু ক'রে তীব্রবেগে চ'লে যায় সবে
পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।"

এটি কোন্ কবিতার অন্তর্গত?

(গ) 'সোনার তরী' কাব্যের কয়টি কবিতা তোমাদের পাঠ্য?

(ঘ) "গগনে গরজে মেঘ, ঘন বরষা।
——, নাহি ভরসা।" (শূন্যস্থান পূর্ণ কর)

২। যে-কোন দুইটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) " 'সমুদ্রের প্রতি' কবিতাটি জল-স্থল-আকাশের সহিত কবির একাত্মতার অনুভূতিতে পরিপূর্ণ।"

কবিতাটি বিশ্লেষণ করে উক্ত মন্তব্যটির সত্যতা প্রতিপন্ন কর।

(খ) 'যেতে নাহি দিব' কবিতার বিষয়বস্তু তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

(গ) "বিপুলা বসুন্ধরা কবিকে যে বিরাট আকর্ষণে নিজের অন্তরের সৌন্দর্যসম্পদের দিকে আকর্ষণ করিতেছে, তাহা এই কবিতার ('বসুন্ধরা') ছত্রে ছত্রে প্রস্ফুটিত হইয়া উঠিয়াছে।" আলোচনা কর।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) "হে আদি জননী সিন্ধু, বসুন্ধরা সন্তান তোমার,
একমাত্র কন্যা তব কোলে।"

কবি 'সিন্ধু'কে 'আদি জননী' কেন বলেছেন? 'একমাত্র কন্যা' বলতে কার কথা বলেছেন?





(খ) 'যেতে নাহি দিব' কবিতায় গৃহিণী কি কি সরঞ্জাম তার স্বামীর জন্য বেঁধে দিয়েছিল, বর্ণনা কর।

## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) ময়নার স্বামীর নাম কি?

(খ) দুলাল মাহাতো চরিত্রটি কোন্ গল্পে আছে?

(গ) 'ফসিল' গল্পে বর্ণিত 'নেটিভ স্টেট'-এর নাম কি?

(ঘ) লেখক সমরেশ বসু কোন্ ঘটনাকে কেন্দ্র করে 'আদাব' গল্পটি লিখেছেন?

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) "সেইদিন রাত্রেই শিকারের প্রথম অভিজ্ঞতা।" 'টোপ' গল্প অবলম্বন করে বক্তার শিকারের সেই প্রথম অভিজ্ঞতার কথা তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

(খ) " 'আদাব' গল্পটিতে একই সঙ্গে মানবতার জয় ও পরাজয়ের কাহিনী অত্যন্ত নিপুণতার সহিত বর্ণিত হয়েছে।" আলোচনা কর।

(গ) "গ্রামীণ মানুষের প্রতিরোধের সবল চিত্র 'হারানের নাতজামাই' গল্পে অঙ্কিত।" আলোচনা কর।

৪।



৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ 8×২

(ক) অঞ্জনগড়ের 'ল-এজেন্ট' মিঃ মুখার্জীর চরিত্রটি সংক্ষেপে বর্ণনা কর।

(খ) ময়নার মা বলে, "দ্যাখেন আইসা, তল্লাস করেন।" কাকে উদ্দেশ্য করে ময়নার মা একথা বলেছে? 'তল্লাস' করে তিনি কি পেয়েছেন, সংক্ষেপে লেখ।

(গ) "সত্যই নতুন প্রাণের জোয়ার এসেছে অঞ্জনগড়ে।" অঞ্জনগড়ের এই নতুন প্রাণের জোয়ারের পরিচয় দাও।

(ঘ) "অনেকক্ষণ এই সন্দিহান ও অস্বস্তিকর অবস্থায় দুজনেই অধৈর্য হয়ে পড়ে।" 'আদাব' গল্প অবলম্বনে সেই 'সন্দিহান ও অস্বস্তিকর অবস্থা'র বর্ণনা কর।

## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৭। 'ফেরারী ফৌজ' নাটক অবলম্বনে জ্যোতির্ময়ের চরিত্রটি আলোচনা কর।

*অথবা*

'ফেরারী ফৌজ' বাংলার সেই অগ্নিযুগকে বাঁচিয়ে রাখবে, প্রেরণা যোগাবে ভবিষ্যত বিপ্লবে—যার পদধ্বনি কান পাতলে শোনা যাবে আজকের এই দুঃসহ জীবন-যন্ত্রণায়।" সমালোচকের উক্তিটির যাথার্থ্য বিশ্লেষণ কর।





৮। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : 8×২=৮

(ক) হিতেন দাশগুপ্ত

(খ) অশোক চট্টোপাধ্যায়

(গ) রাধা

৯। এককথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ফেরারী ফৌজ' নাটকটি প্রথম কোন্ থিয়েটারে অভিনীত হয়?

(খ) 'ফেরারী ফৌজ' নাটকের নাট্যকার কে?

(গ) মুকুন্দ দাস কে ছিলেন?

(ঘ) অশোকের স্ত্রীর নাম কি?

## ঘ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

১০। এককথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সোনার তরী' কাব্যটির প্রথম কবিতাটির নাম কি?

(খ) 'টোপ' গল্পটির লেখক কে?

(গ) 'ফেরারী ফৌজ' নাটকটির নামকরণ কে করেন?

(ঘ) 'একশ বছরের সেরা গল্প' সংকলনটি কে সম্পাদনা করেন?

১১। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন একটি) :

(ক) 'সোনার তরী'

(খ) 'আদাব' গল্পটির মর্মার্থ

(গ) বঙ্গবাসী দেবী

১২। 'হারানের নাতজামাই' গল্পটির বিষয়বস্তু আলোচনা কর।

*অথবা*

'ফেরারী ফৌজ' নাটকের অশোক চরিত্রটি বিশ্লেষণ কর।

★★★